# বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
আগারগাঁও, ঢাকা
www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৩৭

তারিখঃ ০৮ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
২১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

## পরিপত্র-১

বিষয়ঃ **ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্নের লক্ষ্যে প্রয়োজনীয় করণীয়।**

ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি,২০১৯-এ বাড়ি বাড়ি গিয়ে ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম **২৩ এপ্রিল ২০১৯** হতে পরবর্তী **৩ (তিন) সপ্তাহ পর্যন্ত অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ** চলমান রাখার বিষয়ে মাননীয় কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছে। উল্লেখ্য, **২০০৪ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের** এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদের তথ্যও নিবন্ধনের জন্য সংগ্রহ করা হবে। এছাড়া, এ কর্মসূচিতে ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং আবাসস্থল পরিবর্তনের কারণে স্থানান্তরের বিষয়েও কার্যক্রম গৃহিত হবে।

২। **ভোটারযোগ্যদের তথ্য সংগ্রহ ও নিবন্ধন :** ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯-এ যাদের জন্ম ২০০৪ সালের ১ জানুয়ারি বা তার পূর্বে এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তারা নিবন্ধন করতে পারবেন। তথ্যসংগ্রহকারীগণ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করবেন। নিবন্ধনের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পূরণকৃত নিবন্ধন ফরমের সাথে জন্ম সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা এস,এস,সি বা সমমান পরীক্ষা পাশের সনদের ফটোকপি সংগ্রহ করতে হবে । এছাড়াও অন্যান্য কাগজপত্র যেমন-নাগরিক সনদ, প্রত্যয়নপত্র/বাড়ি ভাড়া/হোল্ডিং ট্যাক্স পরিশোধের রসিদের কপি জমা দিয়ে নিবন্ধন সম্পন্ন করবেন। নিবন্ধন কেন্দ্রেও ভোটারগণ উপস্থিত হয়ে নিবন্ধন করতে পারবেন। ভোটার নিবন্ধন ফরম-২ এর সাথে জন্ম সনদ বা অন্যান্য কাগজাদি সংযুক্ত করে গেঁথে রাখতে হবে। উল্লেখ্য, ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৩(কক) এ নামের সংজ্ঞায় শিক্ষা সনদসমূহের পাশাপাশি জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর অধীন নিবন্ধিত নামকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩। **ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তনঃ** বিদ্যমান ভোটার তালিকাভুক্ত ভোটারদের মধ্যে যারা ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন অথচ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত আছেন তাদের নাম ভোটার তালিকা বিধিমালা, ২০১২-এর ২৬(৬) মোতাবেক কর্তনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তথ্য সংগ্রহকারীগণ ভোটার তালিকায় অন্তর্ভুক্ত মৃত ভোটারের নাম কর্তনের লক্ষ্যে ফরম-১২ পূরণপূর্বক সংগ্রহ করবেন। এলক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের জন্ম ও মৃত্যু রেজিস্টার হতে মৃত ভোটার সম্পর্কে তথ্য সংগ্রহ করা যেতে পারে। তবে মৃত ভোটারের তথ্য সংগ্রহের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে।

৪। **ভোটার এলাকা স্থানান্তর :** এক ভোটার এলাকা হতে অন্য ভোটার এলাকায় স্থানান্তরের লক্ষ্যে ফরম-১৩ (স্থানান্তর) পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ সরাসরি স্থানান্তরিত এলাকার থানা/উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদানের পর যথাযথ যাচাই-বাছাই ও তদন্ত স্বাপেক্ষে সংশ্লিষ্ট ভোটারের ভোটার এলাকা স্থানান্তর করা যেতে পারে। এছাড়া, তথ্যসংগ্রহকারী বাড়ি বাড়ি গিয়েও ভোটার স্থানান্তরের তথ্য সংগ্রহ করবেন।

৫। **ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ :** ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে ভোটারযোগ্য নারীদের রেজিস্ট্রেশনের বিষয়টি নিশ্চিত করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিগণের বিশেষ করে মহিলা জনপ্রতিনিধিগণের (উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, সিটি/পৌরসভার এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সদস্যসহ নির্বাচিত মহিলা জনপ্রতিনিধিগণের সহযোগিতা একান্ত প্রয়োজন। সিটি কর্পোরেশন ও উপজেলা পর্যায়ের সমন্বয় কমিটিতে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করে সমন্বয় কমিটি গঠন করা হয়েছে। জনগুরুত্বপূর্ণ এ কাজে মহিলাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের উক্ত কমিটিতে দায়িত্ব পালনের আবশ্যকতা রয়েছে। বিশেষ করে তাঁরা প্রচারের কাজে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন।

৬। **নিবন্ধন কার্যক্রমঃ** নিবন্ধনকেন্দ্রে ভোটারের তথ্য সঠিকভাবে এন্ট্রি করা হয়েছে কিনা ডাটা এন্ট্রির পর তার তথ্যাদি মূদ্রণ করে আবেদনকারীর স্বাক্ষর গ্রহণ এবং স্বাক্ষরিত প্রিন্ট কপিটি নিবন্ধন ফরম ও অন্যান্য ডকুমেন্টস এর সাথে স্ক্যান করে সংশ্লিষ্ট ভোটারের ডাটার সাথে সংযুক্ত করে রাখতে হবে। এছাড়া, সংশ্লিষ্ট ভোটারের আইরিশ এবং ১০ আঙ্গুলের ছাপের বায়োমেট্রিক গ্রহণ করতে হবে।

৭। **নিবন্ধন কার্যক্রমের সমন্বয় সাধন :** ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন করার জন্য আঞ্চলিক নির্বাচন অফিসার, সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার ৫ উপজেলা নির্বাচন অফিসারের কার্যক্রমে নিবিড় সমন্বয় থাকতে হবে। তাদের ভোটার তালিকা হালনাগাদের নিবন্ধন কার্যক্রম পরিচালনা এবং ভোটার তালিকা হালনাগাদ সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের সমন্বয় কমিটির কার্যক্রমে সক্রিয় সমন্বিত ভূমিকা পালন করতে হবে।

৮। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২১/৪/১৯

(মো: মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)
ফোনঃ ৫৫০০৭৫৫৪

১। **সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার..........................(সকল)**

২। **উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, ........................(সকল)**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার,...................................................(সকল)
৪। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৫। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭। যুগ্মসচিব ও পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
৮। যুগ্মসচিব ও পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধক্রমে)
১০। জেলা প্রশাসক, ......................(সকল)
১১। পুলিশ সুপার.........................(সকল)
১২। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,................................(সকল)
১৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, .........................................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৪। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫। উপপরিচালক, IDEA প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৬। উপজেলা নির্বাহী অফিসার,..................................(সকল)
১৭। মেয়র,...............................পৌরসভা
১৮। কাউন্সিলর, ................সংরক্ষিত/সাধারণ ওয়ার্ড,....................সিটি কর্পোরেশন (সংশ্লিষ্ট)
১৯। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব মো: রফিকুল ইসলাম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগে: জেনা: শাহাদাত হোসেন চৌধুরী (অব:) (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪। একান্ত সচিব, সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...........................(সংশ্লিষ্ট)।

২১/৪/১৯

(মো: মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)